চুয়াডাঙ্গায় গৃহবধূকে পুড়িয়ে হত্যাচেষ্টার অভিযোগে গ্রেপ্তার দুই

চুয়াডাঙ্গা শহরতলীর তালতলা গ্রামে এক গৃহবধূর শরীরে আগুন নিক্ষেপ করে পুড়িয়ে হত্যাচেষ্টার অভিযোগে দুই যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। শনিবার মধ্যরাতে পার্শ্ববর্তী এলাকা ইসলামপাড়া থেকে তাদেরকে গ্রেপ্তার করা হয়।
গ্রেপ্তারকৃতরা হলেন, শহরের ইসলামপাড়া এলাকার দোলন মিয়ার ছেলে অরুপ হোসেন (২৬) ও ছানোয়ার হোসেনের ছেলে রিপন হোসেন (২৫)। চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ মো. ফখরুল আলম খান জানান, শহরতলীর তালতলা গ্রামে সন্তান ও বাবা-মায়ের সাথে বসবাস করে মালেশিয়া প্রবাসীর স্ত্রী আফসানা মিমি। প্রায়ই সময়ই তাকে উদ্দেশ্য করে নানা অঙ্গভঙ্গির মাধ্যমে কুপ্রস্তাব দিয়ে আসছিলো পার্শ্ববর্তী এলাকার অরুপ ও রিপন। শনিবার সন্ধ্যায় ওই গৃহবধূ তার বাড়ির গেটে একা দাড়িয়ে ছিলো। এই সুযোগে ওই গৃহবধূকে লক্ষ্য করে অভিযুক্ত দুই যুবক জ্বলন্ত দিয়াশলাইয়ের কাঠি ছুড়ে মারে। এতে তার পরিহিত কাপড় ও বাম হাতের কিছু অংশ পুড়ে যায়। পরে তার চিৎকারে পরিবারের অন্য সদস্যরা ছুটে এসে আগুন নিভিয়ে তাকে উদ্ধার করে হাসপতালে নিয়ে যায়।
ওসি আরো জানান, এ ঘটনায় ভুক্তভোগী প্রবাসীর স্ত্রী আফসানা মিমি বাদি হয়ে দুইজনকে আসামী করে শনিবার রাতে থানায় একটি হত্যাচেষ্টা মামালা দায়ের করেছেন। মামলার পরপরই অভিযুক্ত দুইজনকে গ্রেপ্তার করা হয়েছে। রোববার সকালে তাদেরকে আদালতে সোপর্দ করা হবে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গার খাদিমপুরে

গৃহহীনদের মাঝে দুর্যোগ সহনীয় গৃহ নির্মানের উদ্বোধন

আলমডাঙ্গা উপজেলার খাদিমপুর ইউনিয়নে টিআর কাবিটা কর্মসুচির আওতায় গৃহহীনদের মাঝে দুর্যোগ সহনীয় গৃহ নির্মানের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।
গতকার রবিবার সকালে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, ইউপি চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, উপ-সহকারি প্রকৌশলী নজরুল ইসলাম, ইউপি সদস্য আব্দুল হান্নান, আব্দুর রাজ্জাক, আবুল হোসেন, আব্দুল হালিম পটকা, ফকির চান্দ, আসাদুল হক, মুসলিমা খাতু, রেখা খাতুন, বীর মুক্তিযোদ্ধা একদিল হোসেন, সমাজ সেবক আব্দুল্লাহ মানি খা, আব্দস সাত্তার, শিমুল হোসেন প্রমুখ। খাদিমপুর ইউনিয়নের রামচন্দ্রপুর গ্রামের হতদরিদ্র শমসের আলীর বাড়ীর কাজ নির্মানের মাধ্যমে উদ্বোধন করা হয়। উল্লেখ্য উপজেলায় মোট ৪৯ টি ঘর নির্মান করা হবে। প্রতিঘর ২লক্ষ ৫৮ হাজার টাকা করে নির্মান ব্যায় ধরা হয়েছে।

আলমডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় শ্রমিকলীগের প্রতিষ্ঠা বার্ষিকীতে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

নানা আয়োজনে চুয়াডাঙ্গায় জাতীয় শ্রমিকলীগের ৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়েছে। সকালে জেলা আওয়ামীলীগের কার্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ এবং জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে প্রতিষ্ঠা বার্ষিকী পালনের আনুষ্ঠানিকতা শুরু করেন শ্রমিকলীগের নেতৃবৃন্দ।
পরে বেলা ১১টায় প্রতিষ্ঠাবার্ষিকীর শোভাযাত্রা বের করা হয়। জেলা

আওয়ামীলীগের কার্যালয় থেকে শোভাযাত্রাটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। সেখানে প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা শ্রমিকলীগের সভাপতি আফজাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, শ্রমিকলীগের সহ-সভাপতি ইসলাম উদ্দীন ও সাধারণ সম্পাদক রিপন মন্ডল। এ সময় বক্তারা বলেন, বর্তমান সরকার শ্রমিক বান্ধব সরকার।

এ সরকারের গত ১০ বছরের শাসনামলে সারা দেশে শ্রমিকদের জীবন মানের ব্যাপক উন্নতি হয়েছে। দীর্ঘদিনের শ্রমিকদের নানা দাবি দাওয়াও পূরণ হয়েছে এ সরকারের মেয়াদেই।
আলোচনা সভা শেষে ৫০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে কেক কাটেন শ্রমিকলীগের নেতৃবৃন্দরা।

চুয়াডাঙ্গা প্রতিনিধি:

জীবননগরে বিএনপি নেতার বাড়ি থেকে ১৩ জন জুয়ারি আটক

চুয়াডাঙ্গার জীবননগরে বিএনপি নেতার বাড়িতে অভিযান চালিয়ে আন্তজেলা জুয়ারি চক্রের ১৩ জুয়ারিকে আটক করেছে পুলিশ।
শনিবার ভোররাতে উপজেলার রঘুনন্দপুর গ্রামের বিএনপি নেতা মুন্সি আবুল কাশেমের বাড়ি থেকে তাদেরকে আটক করা হয়। উদ্ধার করা হয়েছে জুয়ার নগদ ৪০ হাজার টাকা, তিনটি মোটরসাইকেল ও জুয়া খেলার নানা সরঞ্জাম।

গ্রেফতারকৃতরা হলো- জীবননগর উপজেলার লক্ষীপুর গ্রামের ব্রীজ পাড়ার আব্দল হালিম (৩৫), ইছাহক আলী (৩৪), আলামিন (৩৫), জামাল হোসেন (৩২), বাজার পাড়ার মুরাদ হোসেন (৪২), ওলিয়ার রহমান (৪০), নারায়রপুর গ্রামের লিটন (৩২),সোহাগ (২৮), জাহিদ (৩৮), দৌলৎগঞ্জ

গ্রামের মানিক (৩০), প্রতাবপুর গ্রামের আলফাজ (৪০), পুরাতন লক্ষীপুর গ্রামের আ: মান্নান (৪২) ও মহানগর উত্তর পাড়ার মিল্টন ড্রাইভার।
চুয়াডাঙ্গার সহকারী পুলিশ সুপার (এএসপি, দামুড়হুদা ও জীবননগর সার্কেল) আবু রাসেল অভিযানের সত্যতা নিশ্চিত করে জানিয়েছেন, বাঁকা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেমের বাড়ির গরুর গোয়াল ঘর থেকে ওই ১৩ জুয়ারিকে আটক করা হয়েছে। তবে মূল হোতা বিএনপি নেতা মুন্সি আবুল কাশেমকে আটক করা সম্ভব হয়নি। তাকে আটকের প্রক্রিয়া চলছে।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ গণি মিয়া জানান, গোপন সংবাদের ভিত্তিতে জীবননগর থানা পুলিশের বেশ কয়েকটি দল শুক্রবার রাতে অভিযান চালায় উপজেলার রঘুনন্দপুর গ্রামে। এ সময় ওই গ্রামের বিএনপি নেতা মুন্সি আবুল কাশেমের বাড়ির গোয়াল ঘরে অভিযান চালিয়ে আটক করা হয় ১৩ জুয়ারিকে। তাদের কাছ থেকে উদ্ধার হয় নগদ ৪০ হাজার টাকা, ৩টি মটর সাইকেল ও জুয়া খেলার নানান সরঞ্জাম। সকালে এ ঘটনায় পুলিশের পক্ষ থেকে একটি মামলা দায়ের করা হয়েছে। শনিবার দুপুরে আটককৃত ১৩ জুয়ারিকে আদালতে সোর্পদ করা হয়েছে বলেও জানান জীবননগর থানা পুলিশ।

জীবননগর প্রতিনিধি:

জীবননগরে ড্রাগন ও মাল্টা চাষে ঝুঁকে পড়েছে কৃষকরা

জীবননগরে ড্রাগন ও মাল্টা চাষে নিজের ভাগ্য পরিবর্তনের আশা করছেন কৃষকরা। দক্ষিন পশ্চিম অঞ্চলের ছোট্ট একটি জেলা চুয়াডাঙ্গা। এ জেলাটি ফলের জেলা হিসাবেই পরিচিত চুয়াডাঙ্গা জেলার ছোট একটি উপজেলা জীবননগর এটি একেবারে সীমান্ত ঘেষা। জীবননগর শহর থেকে মাত্র ৪-৫ কিলোমিটার দুরে ভারতীয় সীমানা।
এ উপজেলার বেশির ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল ধান, মুগ চাষের পাশাপাশি বর্তমান এ উপজেলার কৃষকরা বিদেশী ফল ড্রাগন ও মাল্টা

চাষে বেশী উৎসাহিত হয়ে পড়েছেন । তাছাড়া ড্রাগন ফল ঔষধ হিসাবে ব্যবহার হওয়ায় এ চাষে আরও বেশী ঝুকে পড়েছেন কৃষকরা ।
ড্রাগন ফল চাষী উপজেলার কেডিকে ইউনিয়নের কাশিপুর মাঠ পাড়ার শাওন বলেন ড্রাগন ফল চাষে প্রথম দিকে খরচ বেশি হলেও এটি একটি লাভজনক চাষ । ড্রাগন গাছটি বিদেশী তাই সচার আচার এ গাছটি পাওয়া যায় না । তাছাড়া ড্রাগন গাছ দেখতে অনেকটা সাপের মত যার ফলে এ চাষটি দেখতে জীবননগর উপজেলা সহ বেশ কয়েকটি জেলার লোকজন জমিতে আসে এবং এ চাষটি করার জন্য অনেক কৃষক ইচ্ছা প্রকাশ করছেন ।
একই কথা বলেন উপজেলার বাঁকা গ্রামের মাল্টা চাষী জাহিদ বাবু, তিনি বলেন আমি শুরুতে পেয়ারার চাষ শুরু করি এবার নতুন করে অল্প পরিসর জমিতে মাল্টা চাষ শুরু করেছি ।
তবে কৃষি বিভাগ যদি একটু সহযোগিতা করত তা হলে এ চাষটিতে একদিকে যেমন লাভবান হওয়া যেত তেমনি দেশের অনেক বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা হত ।
জীবননগর উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোর্শেদ আলী বলেন ড্রাগন ও মাল্টা চাষটি এ উপজেলায় একেবারে নতুন চাষ হচ্ছে তবে বর্তমানে এ চাষের দিকে কৃষকরা অনেক উৎসাহিত বলে ধারনা করা হচ্ছে। তবে আশা করা যায় এ চাষটি এ উপজেলাতে যে ভাবে বৃদ্ধি পাচ্ছে তাতে করে একদিন এ চাষগুলো জীবননগর উপজেলা ছাড়িয়ে দেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়বে।

জীবননগর প্রতিনিধি:

আলমডাঙ্গায় কৃষকের ঘর ভাংচুর, হুমকি

আলমডাঙ্গার জোড়গাছা গ্রামের দরিদ্র কৃষক জিন্নাত আলীর টিনের একটি ঘর ভেঙে তান্ডব চালিয়েছে এলাকার কয়েকজন প্রভাবশালি। ঘরে থাকা কৃষি পণ্য লুটপাট ও তছনছ করা হয়েছে। ঘরের টিন ফেলে রাখা হয়েছে ছড়িয়ে-ছিটিয়ে। বর্তমানে বিভিন্নভাবে হুমকিও দেওয়া হচ্ছে। প্রভাবশালিদের ভয়ে এলাকার মানুষ মুখ খুলতে সাহস পাচ্ছে না।

জানা গেছে, গ্রামের মৃত শুকুর আলীর ছেলে জিন্নাত আলী কৃষিকাজ করেন। বাড়ির পাশে একটি টিনের ঘরে কৃষিপণ্য ও সরঞ্জাম রাখেন। গ্রামের মোজাহার মন্ডলের ছেলে গোলবার হোসেন ও তার সাঙ্গপাঙ্গরা সম্প্রতি এক রাতে জিন্নাত আলীর কৃষিপণ্য রাখার টিনের ঘরটি ভেঙে দেয়। ঘর ভেঙেই নিশ্চুপ থাকেনি গোলবার। জিন্নাত আলীকে হুমকিও দেওয়া হচ্ছে। ভয়ে জিন্নাত আলী তার ঘর নতুন করে মেরামতও করতে পারছেন না।
জিন্নাত আলী জানান, গ্রামের গোলবার হোসেনের নির্দেশে তার সাঙ্গপাঙ্গ একই গ্রামের ইজাজুল, আজিজুল, ফিরু, হেবা, মিনারুল, ইকরামুল, চায়না, নাজমুল, মিরাজুল, লন্ডন, লালমিয়া, দুলাল ও নূরনাহার তার ভেঙে দেয়।

ঘটনার বিষয়ে ঘোলদাড়ি ক্যাম্পের দায়িত্বরত ইনচার্জ এএসআই রাজু আহমেদ বলেন, ঘটনা শোনার পর তিনি ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি বলেন, বিষয়টি নিয়ে খোঁজখবর নেওয়া হচ্ছে। স্থানীয়ভাবে দুপক্ষকে নিয়ে মিমাংসা করা যায় কিনা সেটাও চেস্টা করা হচ্ছে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি:

বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে চুয়াডাঙ্গায় গৃহবধূ নিহত

চুয়াডাঙ্গা সদর উপজেলার ছোটশলুয়া গ্রামে বৃষ্টি খাতুন (২৪) নামের এক গৃহবধূ বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নিহত হয়েছেন। নিহত বৃষ্টি খাতুন উপজেলার ছোটশলুয়া গ্রামের প্রবাসী রিপন মন্ডলের ছেলে। গতকাল শুক্রবার দুপুরে এ ঘটনা ঘটে।

নিহতের ভাই সজল জানান, দুপুরে তার বোন বৃষ্টি খাতুন গরুর গোয়ালে মোটর দিয়ে পানি তুলতে যান। এ সময় অসাবধানতাবশত পানির মোটরে হাত দিলে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মাটিতে পড়েন।
পরে প্রতিবেশীরা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক ডা. শামিমা খাতুন তাকে মৃত ঘোষণা করেন।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ ফকরুল আলম খান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি :

হারিয়ে যাচ্ছে গ্রামীণ ঐতিহ্য মাটির হাঁড়ি পাতিলসহ বিভিন্ন সামগ্রী

বাজারে প্লাস্টিক সামগ্রীর বিভিন্ন ব্যবহারিক জিনিসপত্রের ভিড়ে বিলুপ্ত হচ্ছে আলমডাঙ্গার ঐতিহ্যবাহী মৃৎশিল্প। সেই সাথে প্রায় হারিয়ে গেছে মাটির তৈরি বিভিন্ন পণ্যের পসরা সাজানো গ্রামীন সংস্কৃতির নানা উপকরণ ও গৃহস্থালী নানান প্রয়োজনীয় সামগ্রীর দোকান।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলা পৌরসভা সহ ১৫টি ইউনিয়নে মৃৎশিল্প তৈরীকারক পরিবারগুলোর মধ্যে চলছে অভাব–অনটন। কারণ তাদের তৈরি পণ্য আগের মত বাজারে চলছেনা বলে বদলে যাচ্ছে কুমারপাড়ার জীবনের আসল চিত্র। গ্রামে এ পেশার সাথে জড়িত রয়েছে প্রায় শতাধিক পরিবার। পূর্বপুরুষের ঐতিহ্যকে টিকিয়ে রাখতে মৃৎশিল্প প্রস্তুতকারী পরিবারের সদস্যরা বিভিন্ন স্থানে মেলায় অংশ গ্রহণের জন্য তৈরী করছে ছোট ছোট পুতুল ও মাটির খেলনা।

পূর্বে মৃৎ শিল্পের খ্যাতি ছিল কিন্তু আজকাল অ্যালুমিনিয়াম, চীনা মাটি, মেলা–মাইন এবং বিশেষ করে সিলভারে রান্নার হাড়ি কড়াই প্রচুর উৎপাদন ও ব্যবহারের ফলে মৃৎশিল্প হারিয়ে যেতে বসেছে। কথিত আছে মৃৎশিল্প প্রায় দুই থেকে আড়াই শত বছর পূর্ব থেকে চলে আসছে। জানা যায় অতীতে এমন দিন ছিল যখন গ্রামের মানুষ এই মাটির হাঁড়ি কড়া, সরা,বাসন, মালসা, ঘরের লালি, কুয়ার চাক ইত্যাদি দৈনন্দিন ব্যবহারের সমস্ত উপকরণ মাটির ব্যবহার করত কিন্তু আজ বদলে যাওয়া পৃথিবীতে প্রায় সবই নতুন রূপ। নতুন সাজে আবার নতুন ভাবে মানুষের কাছে ফিরে এসেছে।

এখন মানুষের রুচি পরিবর্তনের সঙ্গে সঙ্গতি রেখে নিত্য নতুন রূপ দিয়ে মৃৎ শিল্পকে আকর্ষণীয় করে তোলার চেষ্টা করছে।এক সময়ে আলমডাঙ্গা উপজেলার প্রতিটা গ্রামেও ছিল মাটির তৈরি পণ্য সামগ্রীর সমাহার। বিভিন্ন বাজারে ছিল মাটির তৈরি হাড়ি পাতিল সহ অন্যান্য সামগ্রীর দোকান ।
কিন্তু এখন আর কুমারদের কর্তৃত্ব নেই এখানে।

আলমডাঙ্গা বাজারে নির্দিষ্ট দোকান না থাকলেও বিভিন্ন দোকানে দৃষ্টি নন্দন মাটির সামগ্রী কলসি, হাঁড়ি, পাতিল, সরা, মটকা, দৈ পাতিল, মুচি ঘট, মুচি বাতি, মিষ্টির পাতিল, রসের হাঁড়ি, ফুলের টব, চাড়ার টব, জলকান্দা, মাটির ব্যাংক, ঘটি, খোঁড়া, বাটি, জালের চাকা, প্রতিমা,বাসন–কোসন, ব্যবহারিক জিনিসপত্র ও খেলনা সামগ্রী ইত্যাদি পাওয়া যায়। তারাও অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য লড়াই করে কোনরকম নিজেদের অবস্থান জানান দিচ্ছে।

আলমডাঙ্গা বাজারের মৃৎশিল্প পণ্যের দোকানের বিক্রেতা বয়োবৃদ্ধ বিজয় পাল জানান, প্রায় ৩০ বছরেরও বেশী সময় ধরে তার এই ব্যবসা করে আসছি। এখন আর মাটি সামগ্রীর কদর নেই। অভাব অনটনে যাচ্ছে দিন।

-খন্দকার শাহ আলম মন্টু, আলমডাঙ্গা

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় স্বাস্থ্য সহকারিদের আনন্দ র্যালি

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ কর্তৃক “ভ্যাকসিন হিরো” সম্মানে ভূষিত হওয়ায় বাংলাদেশ হেলথ এসিস্ট্যান্ট অ্যাসোসিয়েশনের উদ্যোগে আনন্দ র্যালী বের করা হয়।
বৃহস্পতিবার দুপুরে র্যালীটি মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে জেলা প্রশাসক কার্যালয় চত্ত্বরে গিয়ে শেষ হয়।
হেলথ এসিস্ট্যান্ট অ্যাসোসিয়েশনের সভাপতি তোজাম্মেল হোসেন এর

নেতৃত্বে জেলা প্রশাসক মোঃ আতাউল গণিকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
এ সময় সেখানে সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, উপজেলা সভাপতি আব্দুল মালেক, উপজেলা সভাপতি আব্দুল মালেক, সাধারণ সম্পাদক নুরুল ইসলাম, আশরাফুল ইসলাম, মাসুদ রানা, রাসেল হোসেন, আবু সাঈদ প্রমুখ উপস্থিত ছিলেন।
চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ কর্তৃক ‘ভ্যাকসিন হিরো’ সম্মানে ভূষিত হওয়ায় চুয়াডাঙ্গায় আনন্দ র্যালি ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার বিকালে এ কর্মসূচির আয়োজন করে বাংলাদেশ স্বাস্থ্য সহকারি অ্যাসোসিয়েশন। চুয়াডাঙ্গা সদর হাসপাতাল এলাকা থেকে এক আনন্দ র্যালি শহর প্রদক্ষিণ শেষে শহরের শহীদ হাসান চত্বরে পথসভা করে। এতে বক্তব্য রাখেন বাংলাদেশ স্বাস্থ্য সহকারি অ্যাসোসিয়েশনের সভাপতি আনিসুজ্জামান মালিক, সাধারণ সম্পাদক হাবিবুল হাসান প্রিন্সসহ অন্যরা।

- প্রতিদিন ডেস্ক :

আবরার হত্যার প্রতিবাদে চুয়াডাঙ্গায় মানববন্ধন

বুয়েট ছাত্র আবরার ফাহাদের হত্যাকারীদের দ্রুত বিচার ও সর্বোচ্চ শাস্তির দাবীতে মানববন্ধন করেছে চুয়াডাঙ্গার সাংস্কৃতিক কর্মীবৃন্দ।

বৃহস্পতিবার বিকালে চুয়াডাঙ্গা জেলা শিল্পকলা একাডেমির সামনে এ কর্মসূচি পালন করা হয়। এতে বক্তব্য রাখেন সাংস্কৃতি কর্মী কাজল মাহমুদ, সেলিমুল হাবিব, হিরন-উর-রশীদ শান্ত প্রমুখ। এতে জেলার সাংস্কৃতি কর্মীরা উপস্থিত ছিলেন।
-চুয়াডাঙ্গা প্রতিনিধি